অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/10/2024 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক ফ্যাশন উইক শুরু করে দিতে, গভর্নর হোকল নিউ ইয়র্ক ফ্যাশন ইন্ডাস্ট্রির 24 বিলিয়ন মার্কিন ডলার প্রভাবের উপর আলোকপাত করলেন

নিউ ইয়র্কের ফ্যাশন ইন্ডাস্ট্রি আনুমানিক 312,000 নিউ ইয়র্কবাসীকে চাকরি দেয় এবং প্রতি বছর 24 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বেতন প্রদান করে

গভর্নরের অর্থবছর 2025 এর নির্বাহী বাজেটে ফ্যাশন এবং ডিজাইনে ব্যবহার করা যেতে পারে এমন তন্তুর উৎপাদন বৃদ্ধি করতে 5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ রয়েছে

নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিতে প্রাকৃতিক তন্তু এবং টেক্সটাইলের ভূমিকা বৃদ্ধি করার দায়িত্বপ্রাপ্ত জাতীয় টেক্সটাইল বিকাশ কর্মগোষ্ঠীর সুপারিশসমূহ গভর্নর প্রকাশ করেছেন

ষোলটি নতুন টেক্সটাইল এবং প্রাকৃতিক তন্তু উৎপাদনকারী NYS গ্রোওন এবং সার্টিফাইড কর্মসূচিতে যোগ দিচ্ছে যাতে পরিবেশ রক্ষার কাজে উচ্চতর মানদণ্ডের প্রচার করা যায়

গভর্নর এর পূর্বে পরিধানযোগ্য প্রযুক্তি ও ফ্যাশন ইন্ডাস্ট্রির জন্য নিউ ইয়র্ক স্টেট টেক্সটাইলের টেকসই বিকাশ সমর্থন করার জন্য নিউ ইয়র্কের ফ্যাশন উদ্ভাবন কেন্দ্রকে 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক ফ্যাশন উইক (New York Fashion Week) শুরু করার অংশ হিসেবে নিউ ইয়র্কের বিশ্ববিখ্যাত ফ্যাশন ইন্ডাস্ট্রিকে এবং স্টেটের অর্থনীতি চালনা করার ক্ষেত্রে এর ভূমিকাকে উদযাপন করেছেন। আনুমানিক 312,000 নিউ ইয়র্কবাসীকে চাকরি প্রদান করা এবং প্রতি বছর স্টেটব্যাপী 24 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বেতন তৈরি করা এই ইন্ডাস্ট্রিটি স্টেটের জন্য একটি প্রধান চাকরিদাতা ও অর্থনৈতিক চালক হয়ে আছে এবং এটি টেকসই অবস্থা ও পরিবেশের রক্ষক হওয়ার ক্ষেত্রে দেশসেরা প্রতিশ্রুতিকে অগ্রসর করে। এছাড়াও গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিতে ফ্যাশন ইন্ডাস্ট্রির গঠনের মৌলিক অংশ, প্রাকৃতিক তন্তু এবং টেক্সটাইলের ভূমিকা বৃদ্ধি করার দায়িত্বপ্রাপ্ত জাতীয় টেক্সটাইল বিকাশ কর্মগোষ্ঠীর (Natural Textile Development Workgroup) সুপারিশসমূহ ঘোষণা করেছেন।

"নিউ ইয়র্কের অর্থনীতি গঠিত হয়েছে আমাদের বিশ্ববিখ্যাত ফ্যাশন ইন্ডাস্ট্রি এবং এই ইন্ডাস্ট্রিকে সচল রাখার ডিজাইনারগণ, কৃষক, প্রস্তুতকারক এবং অন্যান্য পেশাদার ব্যক্তিদের উপর ভিত্তি করে," **গভর্নর হোকল বলেন।** "এই ফ্যাশন উইকে, নিউ ইয়র্কের ফ্যাশনকে সমর্থন করার প্রতি এবং পরিশ্রমী নিউ ইয়র্কবাসীর জন্য 24 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বেতন তৈরি করা এই ইন্ডাস্ট্রিটি যাতে আমাদের অর্থনীতিকে অগ্রসর করা অব্যাহত রাখতে পারে তা নিশ্চিত করার জন্য আমি আমার প্রতিশ্রুতি দ্বিগুণ করতে যাচ্ছি।"

অর্থবছর 2025 নির্বাহী বাজেটে বিনিয়োগসমূহ

গভর্নর হোকলের নির্বাহী বাজেট ফ্যাশন ইন্ডাস্ট্রিকে সমর্থন করার জন্য তার প্রতিশ্রুতিকে অব্যাহত রেখেছে। বাজেটের অংশ হিসেবে, গভর্নর হেম্প এবং জৈবভিত্তিক প্রক্রিয়াজাতকরণের জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রস্তাবনা প্রদান করেছেন, যা ফ্যাশন ও ডিজাইনে ব্যবহার করা যায় এমন তন্তুর উৎপাদন বৃদ্ধি করতে পারে।

জাতীয় টেক্সটাইল বিকাশ কর্মগোষ্ঠীর সুপারিশসমূহ

গভর্নর হোকল জাতীয় টেক্সটাইল বিকাশ কর্মগোষ্ঠীর সুপারিশসমূহ ঘোষণা করেছেন, কর্মগোষ্ঠীটি কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) অংশীদারিত্বে সমবেত করা হয়েছে এবং এটি টেক্সটাইল শিল্পখাতের বিভিন্ন ক্ষেত্র এবং অন্যান্য সংশ্লিষ্ট খাতের স্টেকহোল্ডারদের নিয়ে গঠিত। কর্মগোষ্ঠীর কাজ হলো নিউ ইয়র্ক স্টেটের অর্থনীতিতে প্রাকৃতিক তন্তু এবং টেক্সটাইল শিল্পখাতের অবদান বৃদ্ধি রকার পন্থা অধ্যয়ন ও সনাক্ত করা; টেক্সটাইল শিল্পখাতের মধ্যে চাকরির সংখ্যা বৃদ্ধি করা; প্রাকৃতিক তন্তু ও টেক্সটাইল উৎপন্ন ও প্রক্রিয়াজাত করে এমন নিউ ইয়র্ক স্টেট এন্টারপ্রাইজে বেসরকারি বিনিয়োগ সমর্থন বৃদ্ধির উপায় সনাক্ত করা; এই খাতে নতুন ব্যবসার বিকাশকে উৎসাহিত করা এবং প্রাকৃতিক টেক্সটাইল শিল্পখাতকে সমর্থন করা; এবং প্রাকৃতিক তন্তু টেক্সটাইলের লাভ সম্পর্কে জনগণের জ্ঞান ও কদর বৃদ্ধি করা এবং নিউ ইয়র্ক স্টেটের ভেতরে ও বাইরে বিক্রির সুযোগকে উন্নত করা।

কর্মগোষ্ঠীর সুপারিশসমূহের মধ্যে রয়েছে:

- বিদ্যমান তন্তু প্রক্রিয়াজাতকরণ কারখানা এবং স্টেটের সরবরাহ চেইনের প্রয়োজনীয়তা সম্প্রসারণ করা এবং নতুন স্থাপন করার প্রকল্পের জন্য অনুদানের সুযোগ সমর্থন করা;
- বিদ্যমান প্রণোদনা ও সমর্থনের উপর আলোকপাত করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে কাজ করা যা নিউ ইয়র্ক স্টেটে প্রাকৃতিক তন্তু ব্যবসায় নতুন নিয়োগ বা সম্প্রসারণে সহায়তা করবে;
- অধিক অভিজ্ঞ তন্তু কৃষকদের সাথে নতুন ও মাত্র শুরু করা তন্তু কৃষকদের মধ্যে যোগাযোগ স্থাপন করে দেওয়ার একটি মেন্টরশিপ কর্মসূচির বিকাশকে সমর্থন করা যাতে ইন্ডাস্ট্রির মধ্যে জ্ঞানের বিতরণ নিশ্চিত করা যায়;
- স্কুলবয়সী শিশুদের জন্য প্রাকৃতিক তন্তু ও টেক্সটাইল বিষয়ক শিক্ষামূলক পাঠ্যসূচি এবং শ্রেণীকক্ষের সংস্থান তৈরি করা;
- টেক্সটাইল ডিজাইনার এবং কৃষকদের শ্রম বিভাগের (Department of Labor, DOL) শিক্ষানবিশি কর্মসূচিসমূহের সাথে আরো ভালোভাবে যুক্ত করে দেওয়া; এবং

- নিউ ইয়র্ক স্টেটে তৈরি আই লাভ NY (I Love NY) প্রাকৃতিক তন্তু টেক্সটাইল পণ্য তৈরি করার জন্য আই লাভ NY লোগোর জন্য একটি লাইসেন্সিং কৌশল বের করা।

কর্মগোষ্ঠীর সম্পূর্ণ প্রতিবেদন এখানে উপলভ্য আছে।

NYS গ্রোওন ও সার্টিফাইড কর্মসূচি

ষোলটি নতুন টেক্সটাইল এবং প্রাকৃতিক তন্তু উৎপাদনকারী NYS গ্রোওন এবং সার্টিফাইড কর্মসূচিতে (NYS Grown & Certified Program) যোগ দিয়েছে, স্থানীয়ভাবে উৎপন্ন বা উচ্চতর মানদণ্ডে উৎপন্ন খাদ্যের জন্য ক্রমবর্ধমান ভোক্তা চাহিদা পূরণ করতে সাহায্য করার জন্য কর্মসূচিটি শুরু হয়। কর্মসূচিটি নিউ ইয়র্কের উৎপাদনকারীদের প্রত্যয়িত করে যারা উচ্চমানের খাদ্য নিরাপত্তা এবং পরিবেশগত দায়ভার বহন করেন। পণ্যের উপরের লেবেল, প্রচারণামূলক উপাদান এবং বিক্রির উপাদানসহ একটি মার্কেটিং ক্যাম্পেইন দ্বারা এটি সমর্থিত হয়। বর্তমানে, 3,000-র বেশি উৎপাদনকারী নিউ ইয়র্ক স্টেটে উৎপাদিত ও প্রত্যয়িত কর্মসূচিতে অংশগ্রহণ করছে, যা 750,000 একর কৃষিজমির প্রতিনিধিত্ব করে। NYS গ্রোওন ও সার্টিফাইড সম্পর্কে আরো তথ্যের জন্য certified.ny.gov ভিজিট করুন, বা কর্মসূচিটিকে ফেসবুক, টুইটার এবং ইনস্টাগ্রামে ফলো করুন।

নিউ ইয়র্কের ফ্যাশন উদ্ভাবন কেন্দ্র

2022 সালে, নিউ ইয়র্কের স্টেটে উৎপাদিত স্মার্ট ও টেকসই টেক্সটাইল ব্যবহার করার একটি সহযোগিতামূলক পন্থার প্রচার করতে গভর্নর হোকল ফ্যাশন উদ্ভাবন কেন্দ্রের (Fashion Innovation Center, FIC) জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার স্টেট তহবিল ঘোষণা করেন। FIC তে এছাড়াও রয়েছে একটি টেকসই ফ্যাশন উদ্ভাবন কেন্দ্র অ্যাক্সিলারেটর (Sustainable Fashion Innovation Center Accelerator), যার উদ্দেশ্য হলো বড় আকারের ইন্ডাস্ট্রি সমস্যা সমাধান করা, সবুজ চাকরি তৈরি করা, স্টেটে তৈরি টেক্সটাইলের প্রচার করা এবং টেকসই ফ্যাশন সমর্থন করবে এমন স্মার্ট ও টেকসই বিকল্প তৈরি করা।

গত বছর, গভর্নর ঘোষণা করেছিলেন যে রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট (Rensselaer Polytechnic Institute), ফ্যাশন ইনস্টিটিউট অফ টেকনোলজি (Fashion Institute of Technology), হাডসন ভ্যালি টেক্সটাইল প্রজেক্ট (Hudson Valley Textile Project), ফিল্ড টু ফাইবার (Field to Fiber), নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটির (State University of New York, SUNY) মরিসভিল (SUNY Morrisville) এবং মেড X হাডসনকে (Made X Hudson) নিয়ে গঠিত একটি ক্যাপিটাল রিজিয়নভিত্তিক কনসোর্টিয়ামকে FIC ব্যবস্থাপনার জন্য নির্বাচিত করা হয়েছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন